মাওলানা সফিউল্লাহ ফুআদ দা. বা.-এর দিক-নির্দেশনায়

# আরবী পত্রিকার ভাষা ও আরবী বক্তৃতা শেখার পদ্ধতি

মাওলানা ওমর ফারুক

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এ বইয়ের কোনো অংশের পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, যান্ত্রিক উপায়ে কোনো প্রতিলিপি করা যাবে না, ডিস্ক বা তথ্য সংরক্ষণের কোনো যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এ শর্তের লঙ্ঘন দেশীয় ও ইসলামী আইনী দৃষ্টিকোণ থেকে দণ্ডনীয়।

# كيف تتعلم لغة الجرائد والخُطَبِ العربية

# আরবী পত্রিকার ভাষা ও আরবী বক্তৃতা শেখার পদ্ধতি


দিক নির্দেশনায়

**মাওলানা সফিউল্লাহ ফুআদ**

মুহাদ্দিস ও আদিব : মাদানীনগর মাদরাসা

রচনায়

**মাওলানা ওমর ফারুক**

**দাওরায়ে হাদীস, আদব ও ইফতা**

দারুল উলুম মাদানীনগর

**সিনিয়র উস্তাদ**

জামিয়া দীনিয়া শামসুল উলূম মতিঝিল (পীরজঙ্গি মাদরাসা)



**প্রকাশনায়**

**রাহনুমা প্রকাশনী ™**

# আরবী পত্রিকার ভাষা ও আরবী বক্তৃতা শেখার পদ্ধতি

দিক-নির্দেশনা — মাওলানা শফিউল্লাহ ফুআদ

লেখক — মাওলানা ওমর ফারুক

দ্বিতীয় সংস্করণ — ডিসেম্বর ২০১৬

প্রথম প্রকাশ — মে ২০১৬

প্রচ্ছদ — মুহা. মাহমুদুল ইসলাম

মুদ্রণ — শাহরিয়ার প্রিন্টিং প্রেস
৪/১, পাটুয়াটুলী লেন, ঢাকা-১১০০

একমাত্র পরিবেশক — **রাহনুমা প্রকাশনী**
ইসলামী টাওয়ার, ৩২/এ, আন্ডারগ্রাউন্ড, বাংলাবাজার, ঢাকা।
যোগাযোগ : ০১৭৬২-৫৯৩৩৪৯, ০১৯৭২-৫৯৩৩৪৯

**মূল্য : ৪০০.০০ (চারশো টাকা মাত্র)**

ARABIC POTRIKAR VASHA & ARABIK BOKTRITA SHEKHAR PODDHOTI
Written by. Mawlana Omar Faruque
Market & Published by. Rahnuma Prokashoni. Price: Tk. 400.00, US $ 15.00 only.

**ISBN 978-984-92211-1-1**
E-mail : rahnumaprokashoni@gmail.com
**web : www.rahnumabd.com**

### প্রখ্যাত আরবী সাহিত্যিক, লেখক ও গবেষক,
### মাদানীনগর মাদরাসার মুহাদ্দিস ও আদীব
## মাওলানা সফিউল্লাহ্ ফুআদ সাহেব (দা. বা.)-এর
# অভিমত

الحمدُ للهِ، والصلاةُ والسلامُ على رسول الله، وعلى آله وصَحْبِه وتابِعِيهم بإحسانٍ إلى يوم الدين، أما بعدُ

বিশ্ব-সভায় বর্তমানে আরবী ভাষার অবস্থান সম্পর্কে সাইয়েদ আবুল হাসান আলী নাদাবী রহ. বলেছেন, 'সব সময়ের মতো এখনো আরবী ভাষা জীবন্ত ও গতিশীল ভাষা। আরববিশ্বে আরবী ভাষা এখন তার পূর্ণ জোয়ার ও যৌবনকাল অতিক্রম করছে এবং চরমোৎকর্ষ লাভ করেছে। বিশ্ব-সভায় আরবী ভাষা এখন আইন ও সংবিধান, জ্ঞান ও দর্শন, সাহিত্য ও সংবাদপত্র এবং রচনা ও গবেষণার ভাষারূপে সর্বোচ্চ মর্যাদায় সমাসীন।'

[*জীবন পথের পাথেয়*, পৃ. ১১৩]

মানুষের জীবনযাত্রায় সংবাদপত্রের যে পরিমাণ গুরুত্ব রয়েছে, সে পরিমাণ গুরুত্ব সম্ভবত আর কোনো জিনিসের নেই। বস্তু দ্বারা মানুষ যতটা প্রভাবিত হয়, সংবাদ দ্বারা তার চেয়ে বহু গুণ বেশি প্রভাবিত হয়। সংবাদ দ্বারা মানুষকে প্রভাবিত করার নীতি ও মানুষের প্রভাবিত হওয়ার ধারাবাহিকতা অতীতে ছিল, বর্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকবে। এটা মানুষের সহজাত একটি বিষয়। বর্তমান যুগে তো সংবাদ এতই গুরুত্ব লাভ করেছে যে, এ যুগের সবচেয়ে বড় শক্তি হলো মিডিয়া-শক্তি। মিডিয়া অর্থ মাধ্যম। এখানে উদ্দেশ্য—প্রচার-মাধ্যম। এ যুগের যুদ্ধগুলো যতটা না অস্ত্রের, তার চেয়ে অনেক বেশি হলো প্রচার-মাধ্যমের। সংবাদপত্র হলো অন্যতম প্রচার-মাধ্যম।

বিশ্বের সকল ভাষার সংবাদপত্রের মধ্যে আরবী ভাষার সংবাদপত্রের বিশেষ গুরুত্ব রয়েছে, যেমনটা হযরত আলী মিঁয়া নাদাবী রহ. বলেছেন। তা ছাড়া এটি এতই স্পষ্ট একটি বাস্তবতা যে, আন্তর্জাতিক প্রচার-মাধ্যমগুলো সম্পর্কে যাদের মোটামুটি ধারণা আছে, তাদের সামনেও পরিস্কার। আরবী সংবাদপত্র বর্তমানে শুধু আরব-দেশগুলো থেকেই প্রকাশিত ও প্রচারিত হয় না। প্রচার-

প্রসারের আন্তর্জাতিক প্রায় সকল সংস্থা থেকে বর্তমানে আরবী ভাষায় সংবাদ প্রচারিত হয়।

তাই আল্লাহর পথের সচেতন দাঈদের জন্য আরবী ভাষায় প্রকাশিত সংবাদপত্র বোঝা যেমন প্রয়োজন, তাতে লেখালেখি করার দক্ষতা থাকা ও লেখালেখি করাও তাদের প্রয়োজন। আরবী ভাষায় সংবাদপত্র প্রকাশের প্রতি মনোযোগী হওয়াও তাদের প্রয়োজন।

আরবী সংবাদপত্রে কওমী মাদরাসার ছাত্র-শিক্ষকদের লেখার যোগ্যতা অর্জনের প্রয়োজনীয়তা বিষয়ে একটি ঘটনা স্মরণ হলো। ঘটনাটা কেমন দুঃখজনক, তা বিবেচনা করার ভার পাঠকের বিবেকের উপর ন্যস্ত করলাম। মতিঝিলের শাপলা চত্বরে ২০১৩ সালের ৪ এপ্রিল হেফাজতে ইসলামের যে মহাসমাবেশ হয়েছিল, পত্রিকার ভাষ্য মতে যাতে পাঁচ লক্ষাধিক ধর্মপ্রাণ জনগণ অংশগ্রহণ করেছিলেন, তা কি তখন জেলে আটক জামায়াতে ইসলামীর নেতৃবৃন্দের মুক্তির দাবিতে হয়েছিল? পাঠক কি আমার এমন প্রশ্নে অবাক হচ্ছেন? অবশ্য অবাক হওয়ারই কথা। কারণ, এই সমাবেশের সাথে জামায়াতের নেতৃবৃন্দের মুক্তির দাবির কী সম্পর্ক? তা তো হয়েছে হেফাজতে ইসলামের ১৩ দফা বাস্তবায়নের দাবিতে।

কিন্তু জেনে হয়তো দুঃখ পাবেন, আরবী সংবাদপত্রে লেখার যোগ্য কতিপয় 'বন্ধুদের' কল্যাণে মিশরের বহুল প্রচারিত প্রসিদ্ধ দৈনিক الأَهْرَام পত্রিকায় সংবাদটি এভাবেই প্রকাশিত হয়েছিল। আমি الأَهْرَام পত্রিকায় পড়েছি বলে الأَهْرَام-এর নাম নিলাম। অন্য কোনো আরবী দৈনিকেও সংবাদটি এভাবে 'পরিবেশিত' হয়েছি কিনা, বলতে পারব না। তবে অসম্ভব নয়। এভাবে এ দেশের কওমী আলেমগণের আন্দোলনের ছবি কোনো কোনো আরবী পত্রিকায় প্রকাশিত হয় বিশেষ এক দলের রাজনৈতিক স্বার্থে। তদ্রূপ সারাজীবন যে সকল আলেম শিরক-বিদআতের বিরুদ্ধে জিহাদ করে গেছেন, আরবী ভাষায় লেখার দক্ষতার গুণে তাদেরই আমাদের সালাফী বন্ধুরা আরবদের নিকট পরিচিত করেন কবর ও মাজারপূজারীরূপে।

কেমন লাগছে আপনার? পাঠককে যা বলা হয়, পাঠক কিন্তু তা-ই বুঝে। পাঠক 'খুঁড়ে' বাস্তবতা জানার কষ্ট স্বীকার করে না। আরও কিছু লিখে বোঝাতে হবে আরবী সংবাদপত্রের ভাষা জানা ও আরবী সংবাদপত্রে লেখার দক্ষতা অর্জন করার গুরুত্ব? এখনো কি এই ছুঁতো ধরে এড়িয়ে যাবেন যে,

এগুলো 'আধুনিক আরবী'—এর আমাদের প্রয়োজন নেই। আমরা আছি কুরআন-হাদীসের আরবী নিয়ে। [এটি অজ্ঞতা থেকে সৃষ্ট একটি উক্তি। *জীবন পথের পাথেয়* বইয়ে হযরত আলী নাদাবী রহ. বিষয়টি পরিস্কার করেছেন। ১১৩-১১৪ পৃ. দ্রষ্টব্য।]

আমি অত্যন্ত আনন্দিত যে, আরবী পত্র-পত্রিকার ভাষা শেখানোর জন্য আমার প্রিয় ছাত্র মাওলানা ওমর ফারুক আলোচ্য বইটি রচনা করেছে। মাওলানা ওমর ফারুক ১৪৩৩-৩৪ হি. শিক্ষাবর্ষে দারুল উলুম মাদানীনগর মাদরাসার আরবী ভাষা ও সাহিত্য বিভাগে পড়াশোনা সমাপ্ত করেছে। তারপর মাদানীনগরেই ইফতা পড়েছে। এরপর থেকে ঢাকার ঐতিহ্যবাহী জামিয়া দ্বীনিয়া শামসুল উলুম মতিঝিলে শিক্ষকতা করে আসছে, যা 'পীরজঙ্গি মাদরাসা' নামে প্রসিদ্ধ।

আমার সাথে তাঁর অত্যন্ত ইখলাছপূর্ণ সম্পর্ক। আমি তাকে প্রসিদ্ধ আরবী দৈনিক الشَّرْقُ الأَوْسَطُ-এর নিয়মিত বিভাগ অনুসারে বইটি বিন্যস্ত করার পরামর্শ দিয়েছি। কাজটি সে করেছে। মাদানীনগরের আদব বিভাগের আমার সহকর্মী মাওলানা ফারুকুজ্জামান-এর পরামর্শে 'দেশ পরিচিতি' শিরোনামে বইটিতে বেশ কিছু দেশের পরিচিতিও যুক্ত করেছে। শেষে তার রচিত ৪০টি আরবী বক্তৃতাও সংযোজন করেছে। আমি আশা করি, আরবী পত্র-পত্রিকা ও পৃথিবী সম্পর্কে বর্তমান লেখকদের বিভিন্ন লেখা বুঝতে এবং বাংলা ভাষা থেকে সংবাদ আরবী ভাষায় অনুবাদ করার দক্ষতা সৃষ্টিকরণে বইটি অগ্রণী ভূমিকা পালন করবে ইনশাআল্লাহ। পাশাপাশি আরবী বক্তৃতা চর্চাকারীরাও বইটিতে পাবে আরবী ৪০টি নমুনা বক্তৃতা।

আল্লাহ তাআলা স্নেহের মাওলানা ওমর ফারুককে উত্তরোত্তর উন্নতি দান করুন, বইসংশ্লিষ্ট আমাদের সবাইকে কবূল করুন এবং বইটিকে শিক্ষার্থীদের জন্য উপকারী করুন। আমীন।

**(সফিউল্লাহ ফুআদ)**
[পূর্ব] ভূঁইয়াপাড়া, গল্লাই
চান্দিনা, কুমিল্লা

০২/৭/১৪৩৭ হি.
১০/৪/২০১৬ ঈ.
রোজ : রবিবার

# দ্বিতীয় সংস্করণের ভূমিকা

আলহামদুলিল্লাহ! অতি অল্প সময়েই প্রথম সংস্করণ শেষ হয়েছে। পাঠক মহলেও কিতাবটি যথেষ্ট সাড়া ফেলতে সক্ষম হয়েছে। আমি এতে গর্বিত এবং উৎসাহিত। দ্বিতীয় সংস্করণে কিতাবটিতে বেশকিছু সংশোধন করা হয়েছে। কিতাবটির ফ্রন্টও আগের থেকে উন্নত করা হয়েছে। এতে পূর্বের চল্লিশটি আরবী বক্তৃতার সাথে আরও তেত্রিশটি বক্তৃতা যোগ করা হয়েছে। আশা করি কিতাবটি পূর্বের তুলনায় আরও বেশি সমৃদ্ধ হবে ইনশাআল্লাহ। আল্লাহ তায়ালা কিতাবটি সবার নিকট সমাদৃত ও কবূল করুন। আমীন।

**ওমর ফারুক**
১৯/১১/২০১৬
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

# লেখকের কথা

সকল প্রশংসা মহান রাব্বুল আলামীনের জন্য। দুরূদ ও সালাম বর্ষিত হোক প্রিয় রাসূল হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, তাঁর পরিবারবর্গ, সাহাবা এবং কেয়ামত পর্যন্ত আগত ঐসকল ব্যক্তিগণের ওপর, যারা উত্তমভাবে তাঁদের অনুসরণ করবেন।

হাম্‌দ ও সালাতের পর আমি বিশেষভাবে এ জন্য আল্লাহ পাকের শোকর করছি যে, তিনি আমাকে *আরবী পত্রিকার ভাষা ও আরবী বক্তৃতা শেখার পদ্ধতি* নামক বইটির কাজ সম্পূর্ণ করার তাওফীক দান করেছেন। তারপর শোকরিয়া আদায় করছি আমার সম্মানিত উস্তাদ, প্রাণপ্রিয় মুরব্বী, আদর্শ শিক্ষক মাওলানা সফিউল্লাহ ফুআদ দা.বা.-এর। আমার উপর যাঁর অনুগ্রহ সীমাহীন। যাঁর হীতাকাঙ্ক্ষা ও প্রজ্ঞাপূর্ণ দিক-নির্দেশনা আমার মতো অসংখ্য জনের আদর্শ জীবনগঠনে প্রয়োজনীয় পাথেয় জুগিয়ে যাচ্ছে। হুযুরকে অন্তর থেকে আল্লাহর ওয়াস্তে মুহাব্বত করি। আল্লাহ তাআলা এ মুহাব্বত যেন দুনিয়া-আখেরাত উভয় জগতে স্থায়ী রাখেন—এ কামনা আমার সব সময়ের। হুযুর আমাকে বইটি লেখার ক্ষেত্রে বিভিন্ন সুপরামর্শ দিয়ে এসেছেন। অবশেষে শতব্যস্ততা সত্ত্বেও বইটি দেখে দিয়েছেন। আল্লাহ পাক সুস্থ্যতা ও অবসরতার সাথে হুযুরকে দীর্ঘ হায়াত দান করুন এবং তাঁর সকল নেক আশা পূর্ণ করার তাওফীক দান করুন। তাঁর সকল কাজকে সাদাকায়ে জারিয়া হিসেবে কবূল করুন। আমীন!

দারুল উলুম মাদানীনগর মাদরাসার আরবী ভাষা ও সাহিত্য বিভাগে الصُّحُفُ والمجَلَّاتُ তথা আরবী পত্র-পত্রিকার একটি পৃথক দরস হয়। আমাদের এই দরস প্রদান করেছেন আমার প্রিয় উস্তাদ মাওলানা মুফতী ফারুকুজ্জামান সাহেব দা.বা.। তখন থেকেই আরবী পত্র-পত্রিকার প্রতি আমার আগ্রহ বৃদ্ধি পায়। হযরতের মেহনতি দরস আমাকে এ পথে অগ্রসর হতে সহযোগিতা করে। হুযুর প্রতিদিন আমাদের অনুশীলন করাতেন। একটি বাক্যের অনুকরণে অনেকগুলো বাক্য তৈরি করার

নির্দেশ ছিল তাঁর প্রাত্যহিক আদেশ। ফলে আরবী পত্র-পত্রিকার ভাষার অনুশীলন ছিল সিলেবাসভুক্ত দায়িত্ব। কখনো দশ লাইনের একটি আরবী সংবাদ আমরা তিন-চার দিন যাবৎ অনুশীলন করতাম। আমার সম্মানিত মুরব্বী মাওলানা সফিউল্লাহ ফুআদ সাহেব দা.বা. তাঁর এক কিতাবে লিখেছেন এবং ফারুকুজ্জামান সাহেব হুযুরও কথাটি বারবার বলেছেন যে, যেকোনো ভাষার মতো আরবী ভাষা শিখতে হলে যতটা না দরকার 'পরিমাণে'র, তার চেয়ে বেশি দরকার 'মানে'র। তাই প্রধান লক্ষ্যণীয় বিষয় 'পরিমাণ' নয়, বরং 'মান'ই হলো প্রথম ও প্রধান। সেই হিসেবে আমাদের পত্রিকার তামরীনগুলো চলত ব্যাপক পরিসরে। কি পরিমাণ পড়লাম, সেটা কখনোই বড় হিসেবে দেখা হতো না। দেখা হতো, পড়ার মানটা কেমন হলো।

যাই হোক, বাংলা পত্রিকা থেকে আরবী অনুবাদ করা এবং আরবী পত্রিকা থেকে বাংলা অনুবাদ করার মেহনতটিও আলহামদুলিল্লাহ খুব ভালোভাবে সমাপ্ত হয়। কিন্তু আরবী-সাহিত্য ও আরবী-পত্রিকার ভাষা এমন এক বিষয়, যার অনুশীলন সারা জীবনই চালিয়ে যেতে হয়। যা আমাদের উস্তাদদ্বয় সব সময়ই বলতেন আর উৎসাহ প্রদান করতেন। যাতে করে আমরা যে যেখানেই থাকি না কেন আরবী ভাষার মেহনত কেউ ছেড়ে না দিই। আমরা যতটুকু সম্ভব তা পালনে চেষ্টা করব বলে প্রতিজ্ঞাও করেছিলাম। আদব-বিভাগে পড়া শেষ করার পর মাদানীনগরেই ইফতা-বিভাগে ভর্তি হলাম। ইফতার পড়ালেখার পাশাপাশি আরবী-পত্রিকার মুতালাআও অব্যাহত ছিল। বিশেষ করে শুক্রবারসহ অন্যান্য বন্ধের দিনগুলোতে সে মোতাআলা আরও গভীর হতো; এবং সেগুলোর তামরীনও অব্যাহত ছিল অত্যন্ত ব্যাপক আকারে।

আমার খিদমত ঠিক হলো জামিয়া দীনিয়া শামসুল উলুম মাদরাসা (পীরজঙ্গি মাদরাসা), মতিঝিলে। এখানে এসে দায়িত্ব পালনের পাশাপাশি একটা চিন্তা মাথায় এল—আরবী পত্রপত্রিকার ভাষার ব্যাপারে কিছু কিছু লেখা তৈরি করা। সুতরাং কিছু কিছু করে লিখতে লাগলাম অবিন্যস্তভাবেই। একটি আরবী পত্রিকার সংবাদ, সাথে সাথে তার পত্রিকার মননসই অনুবাদ, ব্যাপক শব্দার্থ ও তার বাছাই করা তাবিরাত দ্বারা বাক্যগঠনের কাজ খুব ভালোভাবেই চলল। এ বিষয়টা দেখলেন

আমাদের মাদরাসার সিনিয়র মুহাদ্দিস সুসাহিত্যিক মাওলানা আবদুল আখির সাহেব দা.বা.। তিনি আমাকে খুবই উৎসাহ প্রদান করলেন। আলহামদুলিল্লাহ হুযুরের মধ্যে সবসময়েই উদ্যমতা কাজ করে। নিজেও প্রচুর মেহনতি মানুষ। মানুষকেও ভালো কাজের মেহনতে উৎসাহিত করতে কখনো কার্পণ্য করেন না। আল্লাহ হুযুরকে দীর্ঘ নেক হায়াত ও সুস্বাস্থ্য দান করুন। আমীন।

একদিন নিয়ত করলাম ফুয়াদ সাহেব হুযুরকে লেখাগুলো দেখাব। মাদানীনগর যাওয়ার পর হুযুর লেখাগুলো দেখে অত্যন্ত আনন্দিত হলেন; এবং কাজ চালিয়ে যেতে নির্দেশ প্রদান করলেন। হুযুর আমাকে দিক-নির্দেশনা দিয়ে বললেন, আমার লেখাগুলো যেন আশ-শারকুল আওসাত (الشرق الأوسط) পত্রিকার শিরোনাম অনুযায়ী বিন্যাস্ত করা হয়। আর প্রতিটা শিরোনামের অধীনে থাকবে একাধিক সংবাদ। সেই পরামর্শ আর উৎসাহ যেন আমার কাজের গতি দ্বিগুণ বাড়িয়ে দিল। তা-ই আমি আমার বইটিকে প্রাথমিকভাবে নয়টি শিরোনামে (পাঠে) বিভক্ত করলাম। যেগুলো হচ্ছে : ১. বাংলাদেশের সংবাদ, ২. উপসাগরীয় অঞ্চলের সংবাদ, ৩. আরব বিশ্বের সংবাদ, ৪. ইউরোপের সংবাদ, ৫. এশিয়ার সংবাদ, ৬. আফ্রিকা, তাইওয়ান ও মালদ্বীপের সংবাদ, ৭. অর্থনীতি ও প্রাকৃতিক দুর্যোগের সংবাদ, ৮. খেলাধূলার সংবাদ, ৯. বিবিধ সংবাদ। তারপর ফুয়াদ সাহেব হুযুরের পরামর্শে ও আমার আগ্রহে ফারুকুজ্জামান সাহেব হুযুরকে কিতাবটি দেখালাম। হুযুর কিতাবটি দেখলেন এবং সন্তুষ্টি প্রকাশ করলেন, পাশাপাশি তাতে দেশপরিচিতি যোগ করার জন্য উৎসাহ প্রদান করলেন। হুযুরের এ পরামর্শ ছিল খুবই মূল্যবান—যা হয়তো হুযুরের কাছে না গেলে পেতাম না। কথাটি ফুয়াদ সাহেব হুযুরও আমাকে বলেছেন। তা-ই দশম শিরোনাম হিসেবে যোগ করলাম দেশ পরিচিতি। আল্লাহ হুযুরকে উত্তম জাযা দান করুন। আমীন।

হুযুর কিতাবটি প্রকাশনাতে দেওয়ার আগে একবার দেখে দিয়েছেন এবং দিক-নির্দেশনামূলক অনেক নছিহত করেছেন। আমার ইফতা বিভাগের সাথী শাইখুল ইসলাম ভাই বইটির বাংলা অনুবাদগুলো কয়েকবার দেখে দিয়েছেন। তার যোগ্য প্রতিদান আল্লাহ তাকে দান করুন। আমার সহপাঠি, বর্তমানে মাদানীনগর মাদরাসার উস্তাদ,

মাওলানা রফিক ভাই কিতাবটির সৌন্দর্যবর্ধনে মেহনত করেছেন। আল্লাহ পাক তাকেও উত্তম জাযা দান করুন। স্মরণ করছি আমার মা-বাবার কথা—যাঁরা আমার পড়ালেখায় সর্বাত্মক সহযোগিতা করেছেন। আল্লাহ তাঁদের দুনিয়া ও আখিরাতে শান্তিতে রাখুন। তাঁদের দীর্ঘ নেক হায়াত ও সুস্বাস্থ্য দান করুন। আমার বড় ভাই সজিব রহমান অল্পবয়সেই পরিবারের হাল ধরেছেন। আমার পড়ালেখায় তার অবদান অসামান্য। যে নোটবুকটি দিয়ে কিতাবটি লিখলাম তাও তারই দেওয়া। বর্তমানে আমি খিদমত করা সত্ত্বেও ভাই আমার খোঁজ-খবর নিতে সবসময়ই সচেষ্ট থাকেন। এখনো আমাকে সবদিক থেকে বিভিন্ন সাহায্য প্রদান অব্যাহত রেখেছেন। আল্লাহ আমার ভাইকে তাঁর নেক বান্দাদের অন্তর্ভুক্ত করুন। তাকে সমস্ত বিপদ-আপদ থেকে রক্ষা করুন। আমীন।

কিতাবটিতে নির্ভরযোগ্য আরবী-পত্রপত্রিকা (একাধিক সংবাদ নিজের তৈরি করা) থেকে সংবাদের নছগুলি উল্লেখ করার পর বাংলা পত্রিকার আঙ্গিকে মননসই অনুবাদ করা হয়েছে। এরপর ব্যাপক শব্দার্থ যোগ করা হয়েছে। সবশেষে অনুশীলনী যোগ করে সংবাদের নির্বাচিত তাবীরাত দ্বারা আদর্শ কিছু নমুনা বাক্য গঠন করা হয়েছে। আর দশম শিরোনামে আদর্শ বাংলা অনুবাদসহ দেশ পরিচিতি যোগ করা হয়েছে। পরিশিষ্টে যোগ করা হয়েছে সমসাময়িক বিষয়ের ওপর চল্লিশটি আরবী-বক্তৃতা। যেগুলো একান্ত আমারই তৈরি করা। আশা করি আরবী-পত্রপত্রিকার ভাষা তদুপরি আধুনিক আরবীর ব্যাপারে আগ্রহী ভাইদের জন্য কিতাবটি মুফিদ হবে ইনশাআল্লাহ। পরিশেষে বলতে চাই মানুষ মাত্রই ভুল-ভ্রান্তির সম্ভাবনা থাকে; তা-ই এই বইটিও ত্রুটিমুক্ত নয়। যদিও বইটিকে ত্রুটিমুক্ত করার জন্য যথেষ্ট চেষ্টা করা হয়েছে। তাই কারও কাছে কোনো ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে আমাকে জানালে আমি আন্তরিকভাবে খুশি হব এবং তা সংশোধনে যথেষ্ট চেষ্টা করব ইনশাআল্লাহ। আল্লাহ তাআলা বইটিকে সকল শিক্ষার্থী ভাইবোনদের জন্য উপকারী হিসেবে কবূল করুন। আমীন।

**ওমর ফারুক**
০৯/০৫/২০১৬
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

# সূচিপত্র

## প্রথম পাঠ

### أخبار بنغلاديش বাংলাদেশের সংবাদ

٩ قَتلى على الأقل بَينَهُم طِفلانِ بإِلقَاءِ قَنَابِلَ حَارِقَةٍ على سَيَّارَةٍ وشَاحِنَةٍ——১৯
বাস ও ট্রাকে পেট্রোল বোমা নিক্ষেপের
ঘটনায় শিশুসহ অন্তত ৯ জন নিহত——২০

مَسَارُ السِّيَاسِيِّينَ فِي آسِيَا يَنتَهِي بِهِم إِلى السِّجنِ——২৪
এশীয় রাজনীতিকদের শেষ গন্তব্য কারাগার——২৫

أَمرٌ قَضَائِيٌّ بِاعتِقَالِ خَالِدَة ضِيا——২৮
খালেদা জিয়াকে গ্রেপ্তারে বিচারিক নির্দেশ——২৮

تَنفِيذُ حُكمِ الإِعدامِ على حَقِّ قَمَرِ الزمان——৩২
কামরুজ্জামানের ফাঁসির রায় কার্যকর——৩৩

ظلم الهند المجاوِرة ——৩৬
প্রতিবেশী ভারতের অত্যাচার——৩৭

## দ্বিতীয় পাঠ

### أخبار الخليج উপসাগরীয় অঞ্চলের সংবাদ

قرقاش يَنتَقِدُ الحِيَادَ المتَخَاذِلَ والمواقِفَ المتناقِصَةَ لِتُركِيَا وبَاكِستانَ تِجَاهَ
عَاصِفَة الحَزْم——৪২

প্রত্যয়ী ঝড়ের ব্যাপারে তুরস্ক ও পাকিস্তানের নিস্তেজ নিরপেক্ষতা ও পরস্পর বিরোধী অবস্থানের সমালোচনায় গারগাশ—৪৪

السَّعُودِيَّةُ تَسْعى لِشِرَاءِ سِلاَحٍ نَوَوِيٍ مِنْ باكستانَ—৪৮

পাকিস্তান থেকে পারমাণবিক অস্ত্র কেনার
চেষ্টা করছে সৌদি আরব—৪৯

إيران تُعَلِّقُ جَمِيعَ رِحْلاَتِ العُمْرَةِ وَ مَقْتَلُ مُتَطَرِّفٍ بِالعِرَاقِ—৫২

ওমরার সমস্ত ফ্লাইট বন্ধ করল ইরান,
ইরাকে একজন জঙ্গি/চরমপন্থি নিহত—৫২

السعودية في انتخاب تاريخي—৫৫

সৌদিতে এক ঐতিহাসিক নির্বাচন—৫৫

## তৃতীয় পাঠ

### أخبارُ العَالَمُ العَرَبِيِّ আরব বিশ্বের সংবাদ

رَفْعُ حَظْرِ التَّجَوُّلِ اللَّيْلِيِّ فِي العِرَاقِ بَعْدَ ١٢ عَامًا—৫৯

১২ বছর পর তুলে নেয়া হলো বাগদাদের রাত্রিকালীন কারফিউ—৬০

دَاعِش يَقتُلُ رَهِيْنًا يَابَانِيًّا بِتُهْمَة التَّجَسُّسِ—৬৩

গুপ্তচরবৃত্তির অভিযোগে আইএসের হাতে জাপানি জিম্মির মৃত্যু—৬৪

بَرْنَامَجُ الأَغْذِيَةِ : لَصْقُ شِعَارَاتِ دَاعِش على مُسَاعَدَاتٍ فِي سُوْرِيَا—৬৮

খাদ্য প্রকল্প : সিরিয়ায় ত্রাণের বাক্সে আইএসের লোগো—৬৯

الأَزْمَةُ فِي سُوريا—৭২

সিরিয়া সংকট—৭৩

## চতুর্থ পাঠ

## أخبار أُورُبَّا ইউরোপের সংবাদ

الوِلاَيَاتُ المتَّحِدَةُ تَبْحَثُ عَنْ تَزْيِيدِ أوكْرَانِيَا بِأَسْلِحَةٍ دِفَاعِيَّةٍ—৭৮

ইউক্রেনকে প্রতিরক্ষামূলক অস্ত্র সরবরাহের কথা ভাবছে যুক্তরাষ্ট্র—৭৯

هِيلارِي كِلِيْنتُوْن : الصِّينُ تَسْرُقُ الأَسْرَارَ التِّجَارِيَّةَ الأمرِيكِيَّةَ—৮৩

হিলারি ক্লিনটন : আমেরিকার বাণিজ্য সংক্রান্ত গোপন তথ্য চুরি করছে চীন—৮৪

عَنَاوِيْنُ لِلأخبارِ الأُوْرُوْبِيّةِ و الآسِيويّةِ—৮৬

ইউরোপ ও এশিয়ার বিভিন্ন সংবাদের শিরোনাম—৮৭

سَتَفشُلُ أمريكا في السلوك المهَيمِنِ المطلَقِ—৯১

আধিপত্যবাদী অবাধ আচরণে ব্যর্থ হবে আমেরিকা—৯২

## পঞ্চম পাঠ

## أخبار آسيا এশিয়ার সংবাদ

الأزمة السياسية في تايلاند—৯৬

থাইল্যান্ডে রাজনৈতিক সংকট—৯৭

الحُكمُ بالسِّجنِ ٥ سَنَوَاتٍ على حَقِّ أنوار إبراهيم—১০৩

আনওয়ার ইব্রাহিমের পাঁচ বছরের কারাদণ্ড—১০৪

ضَحِيَّةٌ سِيَاسِيَّةٌ بِاسْمِ القَضاءِ على الفَساد—১০৬

দুর্নীতি দমনের নামে রাজনৈতিক বলি—১০৭

هَول الإعصار في بنغلاديش—১১০

বাংলাদেশে সুনামি বিভীষিকা—১১১

## ষষ্ঠ পাঠ

## أخبار من أفريقيا و تايوان والمالديف

## আফ্রিকা, তাইওয়ান ও মালদ্বীপের সংবাদ


انقِلابٌ عَسْكَرِيٌّ فِي بُوْرُونْدِي—**১১৫**

বুরুন্ডিতে সেনা অভ্যুত্থান—**১১৬**

مقتل ৫ جنود في أفريقيا—**১১৯**

আফ্রিকায় ৫ সেনা নিহত—**১২০**

ضَحِيَّة سِيَاسِيَّة فِي تَايْوَان—**১২২**

তাইওয়ানে একটি রাজনৈতিক বলি—**১২৩**

القَبْضُ على محمد نشيد رَئِيسِ الوُزَرَاءِ السَّابِقِ فِي المالْدِيف—**১২৬**

গ্রেপ্তার হলেন মালদ্বীপের সাবেক প্রধানমন্ত্রী মোহাম্মদ নাশিদ—**১২৭**


## সপ্তম পাঠ

## الاقتصاد والكَوَارِث الطَّبِيعِيَّة অর্থনীতি ও প্রাকৃতিক দুর্যোগ


زِلْـزَالُ نِيْبَـالَ : الأُمَـمُ المتَّحِـدَةُ تَطْلُـبُ مِـنَ الجَمَـارِكِ الإِفْـرَاجَ عَـنْ مَـوَادّ الإِغَاثَةِ—**১৩০**

নেপাল ভূমিকম্প: ত্রাণ সামগ্রী থেকে শুল্ক প্রত্যাহারের দাবি জানিয়েছে জাতিসংঘ—**১৩১**

الجُزْءُ الثَّانِي من الخبر—**১৩৪** সংবাদটির দ্বিতীয় অংশ—**১৩৪**

الجزء الثالث من الخبر—**১৩৭** সংবাদটির তৃতীয় অংশ—**১৩৮**

## অষ্টম পাঠ

### أخبار الرِّياضة খেলাধুলার সংবাদ


بَرْشِلُوْنَة يَسْحَقُ لِيْفَانْتُو بِخُمَاسِيَّةٍ مُطَارِدًا الرِّيالَ
على الصَّدَارَةِ الأَسْبَانِيَّةِ —১৪১

স্পেনিশ নেতৃত্বে রিয়ালকে পশ্চাদ্ধাবন করে লেভান্তকে
পাঁচ গোলে বিধ্বস্ত করল বার্সেলোনা—১৪৩

مَعْلُوماتٌ عَنِ الكِرِيْكِت—১৪৯

ক্রিকেট সম্পর্কিত কিছু তথ্য—১৫১

اِتِّهَامُ مَسؤولين في فِيفَا بالفساد واعتقالُ سَبْعَةٍ مِنْهُمْ في زِيُوْرِيْخَ—১৫৪

দুর্নীতিতে অভিযুক্ত ফিফার কয়েকজন কর্মকর্তা,
তাদের মধ্যে ৭ জন জুরিখে গ্রেপ্তার—১৫৫


## নবম পাঠ

### الأخبار المتنوعة বিভিন্ন সংবাদ


رَجُلٌ مُسِنٌّ —১৫৭

একজন বৃদ্ধ লোক—১৫৭

التَّوَتُّر بين تُركيا و إيران—১৫৮

ইরান ও তুরস্কের মধ্যে উত্তেজনা—১৫৯

الحُكمُ بالسجن على سَلْمَان خان ٥ سَنَوَاتٍ بِتُهْمَةِ القَتْلِ—১৬৪

হত্যার অভিযোগে সালমান খানের পাঁচ বছরের কারাদণ্ড—১৬৪

## দশম পাঠ

## معلومات عن البلاد দেশ পরিচিতি


| | |
|---|---|
| بنغلاديش—১৬৭ | বাংলাদেশ—১৬৮ |
| باكستان—১৮২ | পাকিস্তান—১৮৩ |
| الهند—১৮৩ | ভারত—১৮৪ |
| أفغانستان—১৮৫ | আফগানিস্তান—১৮৬ |
| سوريا—১৮৮ | সিরিয়া—১৮৮ |
| اليمن—১৮৯ | ইয়েমেন—১৮৯ |
| مصر—১৯২ | মিশর—১৯৩ |
| فلسطين—১৯৬ | ফিলিস্তিন—১৯৬ |
| المملكة المتحدة—২০০ | বৃটেন—২০০ |
| الصومال—২০৫ | সোমালিয়া—২০৫ |

আরবী বক্তৃতাসমূহ সূচি—২১১

## الدرس الأول

## أخبار بنغلاديش

# ٩ قتلى على الأقلّ بينهم طفلان بإلقاء قَنابل حارقة على حافلة وشاحنة

رويترز تاريخ النشر ٧-٦-٢٠١٥

قُتل ٩ أشخاص على الأقل بينهم طِفْلانِ حَرْقًا في بنغلاديش السَّبْتَ فَبْرَايِرْ/ شُبَاط نَتِيْجَةَ إلقاء نُشَطَاءَ مُعارضينَ قَنَابِلَ حارقةً على حافلةٍ و شاحنةٍ، خلالَ أعمال عُنفٍ في البلاد.

وقالتِ الشُّرْطةُ : إن ٩ أشخاصٍ بَيْنَهُمْ طفلان لَقُوْا حَتْفَهُمْ وأُصِيْبَ ٣٠ آخَرُونَ، بينهم حَالاتٌ حَرِجَةٌ، حَيْثُ ألقى نُشَطَاءُ مُعَارِضُونَ قنابل حارقة على حافلةٍ مَليئةٍ بِالرُّكَّابِ، مَساءَ الجُمْعَةِ في حَيّ جايبندها الشِّمَالِيّ .

وكان ٦٠ شخصا لقُوا حَتفَهُم فِيمَا أُصِيبَ المِئاتُ في أعمال عُنف خِلَالَ الشّهر الماضي .

وتَعُودُ هذه الاِحْتِجَاجَاتُ وأعْمَالُ عُنْفٍ إلى رَفض حِزب بنغلاديش الوَطَنِيّ المعارِض المشارِكةَ في انتخاباتٍ عامَّةٍ قَبلَ عامٍ . مُعْلِنًا أنه سَيَجْرِي التلاعُبُ في نَتِيْجَتِها.

مِمّا حَمَلَهُ على تَكْثِيفِ الاِحتِجاجاتِ الشهرَ الماضيَ فِي مُحَاوَلَةٍ لِإِرْغَامِ رئيسة الوُزَرَاءِ الشَّيْخَةِ حسينةَ على التّنَحّي وإجْرَاءِ انتخاباتٍ جديدةٍ.

وقد دعا الحِزْبُ إلى إضرَابٍ عَامٍ في أنحاءِ البِلادِ، اِعْتِبَارًا من صَباحِ الأَحَدِ ولمِدَّة ٧٢ ساعة.

وتُعانِي الحياةُ السياسيةُ في بنغلاديش مَأزِقًا منذ سَنواتٍ بسبب صِراعٍ مَريرٍ بين الشيخة حسينة وزَعيمَةِ حِزْبِ بنغلاديش الوطني البِيْجُوْم خالدةَ ضِيَاء.

وتناولتِ المرأتان على مَنصب رئيسة الوزراء مُعظَمَ العَقدين الماضِيَيْنِ.

## প্রথম পাঠ
## বাংলাদেশের সংবাদ

# বাস ও ট্রাকে পেট্রোল বোমা নিক্ষেপের ঘটনায় শিশুসহ অন্তত ৯ জন নিহত

বাংলাদেশে সহিংস কর্মকাণ্ডের মধ্যেই ৭ ফেব্রুয়ারি শনিবার বাস ও ট্রাকে বিরোধী সমর্থক কর্মীদের পেট্রোল বোমা নিক্ষেপের ঘটনায় ২ শিশুসহ অন্তত ৯ জন দগ্ধ হয়ে নিহত হয়েছেন।

পুলিশ বলছে, গাইবান্ধার উত্তরে একটি শহরে শুক্রবার সন্ধ্যায় যাত্রীভর্তি একটি বাসে বিরোধী সমর্থক কর্মীদের পেট্রোল বোমা নিক্ষেপে ২ শিশুসহ ৯ জন নিহত হয়েছেন। অপর ৩০ জন আহত হয়েছেন। এদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর। গত মাসজুড়ে বিভিন্ন সহিংস কর্মকাণ্ডে ৭০ জন নিহত ও শত শত মানুষ আহত হয়েছেন।

এ সমস্ত প্রতিবাদ কর্মসূচি শুরু হয় গত বছর থেকে, যখন দেশের বিরোধীদল (বাংলাদেশ জাতীয়তাবাদী দল) সাধারণ নির্বাচনে অংশগ্রহণে অস্বীকৃতি জানিয়ে এ অভিযোগ করে যে, নির্বাচনের ফলাফল নিয়ে জালিয়াতি করা হবে।

অভিযোগগুলো দলটিকে বাধ্য করেছে গত মাসে ব্যাপক প্রতিবাদ কর্মসূচি পালনে, আর এটা ছিল নতুন নির্বাচন অনুষ্ঠান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ক্ষমতা ছাড়তে বাধ্যকরণের প্রচেষ্টা।

দলটি ইতিমধ্যেই রবিবার সকাল থেকে সারা দেশে ৭২ ঘণ্টার হরতাল আহ্বান করেছে।

বিএনপি নেতা বেগম খালেদা জিয়া ও শেখ হাসিনার পরস্পর অব্যাহত দ্বন্দ-সংঘাতের ফলে বেশ কয়েক বছর ধরে বাংলাদেশের রাজনৈতিক জীবনযাত্রায় এক মহাসংকট সৃষ্টি হয়েছে।

বিগত দশকগুলোর অধিকাংশ সময়ই এই দুই নারী প্রধানমন্ত্রিত্বের মর্যাদা লাভ করেন।

# শব্দার্থ

| | | | |
|---|---|---|---|
| تاريخ النشر | প্রকাশকাল | مقتل ٩ | নয়জন নিহত |
| على الأقل | কমপক্ষে | على الأكثر | বেশির থেকে বেশি |
| على الأوسط | মধ্যমভাবে হলেও | الإلقاء | নিক্ষেপ করা |
| القُنبُلَةُ الحارقة | পেট্রোল বোমা | القنبلة اليَدَوِيَّة | হাত বোমা |
| القنبلة النَّوَوِيَّة | পারমাণবিক বোমা | القنبلة الكيمياوية | রাসায়নিক বোমা |
| القنبلة المغروسة | পুতে রাখা বোমা | الصاروخ | ক্ষেপণাস্ত্র |
| الطلقات العَشوائِيّة | এলোপাতাড়ি গুলি | الشاحنة | ট্রাক |
| حافلة مليئة بالركّاب | যাত্রীভর্তি/যাত্রীবাহী বাস | ليلة الجمعة | শুক্রবার রাত |
| ظهر الجمعة، غداء الجمعة | জুমার দিন দুপুর | صباح الجمعة | জুমার দিন সকাল |
| مساء الجمعة | জুমার দিন সন্ধ্যা | تعود | ফিরে আসে |
| احتجاج ج احتجاجات | প্রতিবাদ | حي ج أحياء | এলাকা। |
| حزب بنغلاديش الوطني | বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) | حزب رابطة العوام | আওয়ামী লীগ |
| جمعية صِيانة | হেফাজতে ইসলাম | حزب الجماعة | জামায়াতে |

| | | | |
|---|---|---|---|
| الإسلام ببنغلاديش | বাংলাদেশ | الإسلامية | ইসলামী |
| الحزب الوطني | জাতীয় পার্টি | مُعَسْكَرُ الطُّلَّابِ الإسلامِي | ইসলামী ছাত্র শিবির |
| حزب الطلاب | ছাত্রদল | رابطة الطلاب | ছাত্রলীগ |
| حزب العُمَّال | শ্রমিকদল | رابطة العمال | শ্রমিকলীগ। |
| المشاركة– في | অংশগ্রহণ করা | الانتخاب العام | সাধারণ নির্বাচন |
| قبل عام | এক বছর পূর্বে | المُعلن | ঘোষণাকারী |
| تجري | প্রবাহিত হবে, জারি হবে | التلاعب | প্রতারণা করা |
| مما | যা | حمله على | সে তাকে বাধ্য করল |
| التكثيف | ব্যাপক করা | الشهر الماضي | বিগত মাস |
| الشهر القادم | আগত মাস | المحاولة | প্রচেষ্টা করা |
| إرغام على | বাধ্য করা | التنحّي | সরে যাওয়া, ত্যাগ করা |
| صباح الأحد | রবিবার সকাল | المدة | সময় |
| تعاني م المعاناة | অনুভব করে | المأزِق | সংকট |
| الصراع المرير | অব্যাহত সংঘাত/দ্বন্দ্ব | الزعيمة | নেত্রী |
| تناول | সে লাভ করল/পেল | المنصب | পদ |
| المُعظَم | অধিকাংশ | العَقد | দশক। |

# অনুশীলনী

নিম্নোক্ত প্রতিটি তাবীর দ্বারা কমপক্ষে পাঁচটি করে বাক্য তৈরি করো; এবং ভালো-মন্দ যাচাইয়ের জন্য উস্তাদের নিকট পেশ করো। নিম্নে একটি করে নমুনা বাক্য দেওয়া হলো :

١) على الأقل

نموذج : دعا عبد الله إلى الله، ليكون معدل علاماته [১] ٩٠ في المأة على الأقل في الامتحانات المركزية [২]

٢) لقوا حتفهم

نموذج : آلاف من الرُّكَّاب لقوا حَتفَهم بحادثة الطائرة [৩] خلال السنوات الماضية.

٣) أصيب المِئات

نموذج : أصيب المئات من عُشَّاق الرسول [৪] صلى الله عليه وسلم ليلة محاصرة داكا [৫] بالطَّلَقَاتِ العَشْوَائِيَّةِ

٤) يجري التلاعب

نموذج : نَبَّهَ علماءُ الشريعةِ الحكومةَ الحاليةَ مُعْلِنِيْنَ : لن نسمح إن يجري التلاعب في تقديم المدَوِّنين الملحِدِين [৬] للعَدَالة.

٥) الإرغام على

نموذج : كنت بِسُنْدَرْبَنْ فشاهدتُ الأسَدَ يُرغِم بزَئِيرِه [৭] قَطِيعا من العُيون على الفِرَار.

٦) صراع مرير

نموذج : أصبحت البلدان العربية ضعيفة لأجل الصراع المرير فيما بينهم.

٧) معظم العقديين الماضيين

نموذج : انتشرت رحلة الدعوة والتبليغ أنحاء العالم معظم العقديين الماضيين.

[১] গড় নম্বর [২] কেন্দ্রীয় পরীক্ষা [৩] বিমান দুর্ঘটনা [৪] রাসূল-প্রেমিকগণ [৫] ঢাকা অবরোধ [৬] নাস্তিক ব্লগার [৭] বাঘের আওয়াজ।